

## সংবাদ বিবৃতি

আয়মান সাদিক ও সাকিব বিন রশীদকে হত্যার হুমকি প্রদানের অভিযোগ উঠায় হিউম্যান রাইট্স ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) গভীর উদ্বেগ জানাচ্ছে এবং দ্রুততার সাথে জড়িতদের চিহ্নিত করে ব্যবস্থা নেয়ার দাবি জানাচ্ছে।

[৮ জুলাই ২০২০, ঢাকা] ইউটিউবার এবং অনলাইনে শিক্ষাদান কর্মসূচি পরিচালনা বিষয়ক পেইজ টেন মিনিট স্কুলের প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী আয়মান সাদিককে হত্যার হুমকি দেয়া হয়েছে বলে অভিযোগ উঠেছে। একই সাথে টেন মিনিট স্কুলের সহ-প্রতিষ্ঠাতা সাকিব বিন রশীদকেও হত্যার হুমকি দেয়া হয়েছে বলে জানা যাচ্ছে। হত্যার হুমকি তা যে যুক্তিতেই হোক না কেন, একটি শাস্তিযোগ্য গর্হিত অপরাধ বলে উল্লেখ করে এইচআরএফবি এ ঘটনায় গভীর উদ্বেগ জানানোর পাশাপাশি আয়মান সাদিক ও সাকিব বিন রশীদের নিরাপত্তা জোরদার করা এবং নিরপেক্ষ তদন্তসাপেক্ষে এর সাথে জড়িতদের দ্রুততার সাথে গ্রেফতার করে আইনানুগ ব্যবস্থা নেয়ার দাবি জানাচ্ছে।

গণমাধ্যমসূত্রে জানা যাচ্ছে, গত জুন মাসে টেন মিনিটস স্কুলের ঝুঁতুস্বাব ও সম্মতির মতো বিষয়গুলো নিয়ে করা দুটি ভিডিও নিয়ে সমালোচনা করেন এক শ্রেণীর মানুষ। এই ভিডিও দুটি “ইসলাম পরিপন্থী” বলেও অভিযোগ তোলা হয় এবং ভিডিও’র সাথে সংশ্লিষ্টরা সমকামিতাকে সমর্থন করেন বলে প্রচারণা চালানো হয়। এর জের ধরে চলতি মাসের শুরুতে প্রতিষ্ঠানটির প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা আয়মান সাদিক এ বিষয়ে আনুষ্ঠানিক বিবৃতি দিয়ে দুঃখপ্রকাশ করেন এবং ভিডিও দুটি তাদের সব প্ল্যাটফর্ম থেকে সরিয়ে নেয়া হয়েছে বলেও জানান।

টেন মিনিটস স্কুলের মতো জনকল্যাণমূলক উদ্যোগের ওপর এমন আক্রমণ অত্যন্ত দুঃখজনক। উল্লেখ্য, এ উদ্যোগটি ইতোমধ্যে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ব্যাপক প্রশংসিত হয়েছে। স্বীকৃতিস্বরূপ এশিয়া প্যাসিফিক আইসিটি অ্যালায়েন্ট অ্যাওয়ার্ডস, বাংলাদেশ ইনোভেশন অ্যাওয়ার্ড, ব্র্যাক মন্ত্র অ্যাওয়ার্ড, ২০১৬ গ্লোবাল এন্ট্রাপ্রেনিউরশিপ সামিট, গ্রেমো অ্যাওয়ার্ড এবং দ্য কুইনস ইয়ং লিডার্স অ্যাওয়ার্ড পেয়েছে। ঝুঁতুস্বাব ও সম্মতির মতো জরুরি বিষয়গুলো নিয়ে শিক্ষামূলক ভিডিও প্রচার করায়, যা সম্পূর্ণ আইন সম্মত এবং দেশের শিক্ষাব্যবস্থার সাথে সামঞ্জস্যপূর্ণ, তাদের বিরুদ্ধে এমন ঘৃণা ও বিদ্বেশমূলক প্রচারণা চালানো এবং হুমকি প্রদান একেবারেই অগ্রহণযোগ্য। ফোরাম মনে করিয়ে দিচ্ছে, হত্যার হুমকি-তা যেই যুক্তিতেই হোক, একটি শাস্তিযোগ্য গর্হিত অপরাধ। তাছাড়া স্পষ্টত এমন হুমকি নারীদের জন্য গৃহীত সরকারের বিভিন্ন আইন ও নীতির সাথে সাংঘর্ষিক। ফোরাম এমন প্রচারণা ও হুমকির তীব্র নিন্দা জানাচ্ছে এবং নিরপেক্ষ তদন্তসাপেক্ষে এর সাথে জড়িতদের শাস্তি নিশ্চিত করার ওপর জোর দিচ্ছে। বিশেষ করে ফোরাম আয়মান সাদিক ও সাকিব বিন রশীদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সরকারের প্রতি জোর আহ্বান জানাচ্ছে।

**Secretariat:**

Ain o Salish Kendra (ASK)

2/16, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197, Fax: +88-02-810 0187

Email: ask@citechco.net web: www.askbd.org

**Experts:**

Dr.Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy

**Forum Members:**

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagarik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).